

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্ট্যাডিং কমিটির সভার কার্যবিবরণীঃ

সভার তারিখঃ ২০/৩/২০২২ খ্রি.
সভার সময়ঃ সকাল ১০.৩০ মি.
সভাপতিঃ ওয়াহিদুর রহমান
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্ট্যাডিং কমিটির সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী/আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়। অতঃপর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ের সার্বিক কার্যক্রম পর্যালোচনাসহ ও কাজকর্মের অগ্রগতির লক্ষ্যে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। প্রশিক্ষণঃ সভায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান সকলের সহযোগিতায় অত্র উপজেলা বেকার যুবগণ হতে নিয়মিতভাবে যুব প্রশিক্ষণ কেন্দ্র, মুন্সীগঞ্জে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করছে। তাছাড়া অত্র উপজেলার বিভিন্ন গ্রামে আগ্রহী বেকার যুবদের অপ্রাতিষ্ঠানিক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ পরিচালনা করা হচ্ছে। তিনি আরও জানান, অদ্য ২০/৩/২০২২ তারিখ হতে শ্যামসিদ্ধি ইউনিয়নের সেলামতি গ্রামে “সেলাই বিষয়ক” প্রশিক্ষণ শুরু হয়েছে। প্রশিক্ষক হিসেবে যুব প্রশিক্ষণ কেন্দ্র, মুন্সীগঞ্জ এর প্রশিক্ষক (সেলাই) আসবেন। তাছাড়া এলাকার প্রশিক্ষিত যুবমহিলা নিয়মিতভাবে প্রশিক্ষণ প্রদান করবেন।

২। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বলেন, অত্র উপজেলায় বেকার যুবদের মাঝে যুব উন্নয়ন অধিদপ্তরের ঋণ নিয়মিতভাবে বিতরণ হচ্ছে এবং ঋণ বিতরণের টার্গেট বাস্তবায়নের অগ্রগতির তথ্য উপস্থিত সকলকে অবহিত করেন। তিনি আরও বলেন, বর্তমানে চলমান ঋণ আদায় প্রায় শতভাগ। সভায় উপজেলা সমবায় অফিসারের প্রশ্নের জবাবে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, আশ্রয়ণ প্রকল্পের প্রশিক্ষণ গ্রহণকারীগণের আয়বৃদ্ধিমূলক প্রকল্প স্থাপনের পর্যাপ্ত জায়গা না থাকায় তাদেরকে ঋণ প্রদান করা সম্ভব হয় না। আগ্রহী ১৮-৩৫ বৎসর বয়সী যুবদের তার কার্যালয়ের মাধ্যমে জেলা এবং উপজেলার বিভিন্ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে প্রকল্প গ্রহণ সাপেক্ষে ঋণ প্রদান করা যাবে। ১৮-৩৫ বৎসর বয়সী যুবদের তার কার্যালয়ে পাঠানোর জন্য সভায় উপস্থিত সকলকে অনুরোধ জানান।

পরিশেষে আর বিশেষ কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ওয়াহিদুর রহমান)
সভাপতি

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্ট্যাডিং কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।


চলমান পাতা-২

স্মারক নং- ৩৪.০১.৫৯৮৪.০০০.০৬.০১১.১৪- ৩৬

তারিখঃ ২০/০৩/২০২২ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ
- ২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মুন্সীগঞ্জ
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, শ্রীনগর, মুন্সীগঞ্জ
- ৪। সংশ্লিষ্ট নথি।



(মোঃ আবদুল বাকী)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

স্মারক নং- ৩৪.০১.৫৯৮৪.০০০.০৬.০১১.১৪-

৬৬

তারিখঃ ১৪/০৩/২০২২ খ্রি.

“সভার নোটিশ”

আগামী ২০/০৩/২০২২ খ্রি. রবিবার সকাল ১০.৩০ ঘটিকায় শ্রীনগর উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্ট্যাডিং কমিটির সভা শ্রীনগর উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব ওয়াহিদুর রহমান, ভাইস চেয়ারম্যান, শ্রীনগর উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

উক্ত সভায় স্ট্যাডিং কমিটির সকল সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

- ১। যুবদের প্রশিক্ষণ ও অন্যান্য সেবা
- ২। ঋণ বিতরণ ও আদায় সংক্রান্ত
- ৩। বিবিধ।

(মোঃ আবদুল বাকী)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

ও

সদস্য সচিব

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্ট্যাডিং কমিটি
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

স্মারক নং- ৩৪.০১.৫৯৮৪.০০০.০৬.০১১.১৪-

৬৬

তারিখঃ ১৪/০৩/২০২২ খ্রি.

সদয় জ্ঞাতার্থেঃ-

- ১। মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-১
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

অনুলিপি সদয় কার্যার্থেঃ-



- ১। ভাইস চেয়ারম্যান ও সভাপতি, উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্ট্যাডিং কমিটি, উপজেলা পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ
- ২। উপজেলা সমবায় কর্মকর্তা, শ্রীনগর, মুন্সীগঞ্জ
- ৩। চেয়ারম্যান, শ্রীনগর/শ্যামসিদ্ধি ইউনিয়ন পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ
- ৪। সংশ্লিষ্ট নথি।

(মোঃ আবদুল বাকী)

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

তারিখ : ২০/০৩/২০২২ খ্রি.

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্ট্যাণ্ডিং কমিটির সভায় উপস্থিত সদস্যদের হাজিরা সীট :

ক্রমিক নং	নাম, পদবী	স্বাক্ষর
	<p>ওয়াহিদুর রহমান ভাইস চেয়ারম্যান শ্রীনগর উপজেলা পরিষদ, মুন্সিগঞ্জ</p>	
	<p>স্রীঃ সাকিবুর রহমান প্রোগ্রামার পরিদর্শক উপজেলা যুব বিষয় কার্যালয় শ্রীনগর, মুন্সিগঞ্জ</p>	
	<p>স্রীঃ আবদুল বাকি উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা শ্রীনগর, মুন্সিগঞ্জ</p>	